

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৩০

ধর্মনগর, ৩০ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা

লোকসভার সাধারণ নির্বাচন উপলক্ষে আজ উত্তর ত্রিপুরা জেলায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। এই সভায় বিজেপি, সিপিআই(এম), আইএনসি, তিপরামথা, এআইটিসি দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, জেলাশাসক কার্যালয়ের ইলেকশন ব্রাথও অফিসার অভিরাম দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।
